# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়ঃ ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ১৭ তম (২০১৯-২০ অর্থ বছরের ৬ষ্ঠ) সভার কার্যবিবরণী।**

জুন ০১, ২০২০ তারিখ সোমবার দুপুর ১২:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (অর্থ) ও পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি.দা.) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ বিল্লাল হোসেন এর সভাপতিত্বে তাঁর নিজ দপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব সমীর বিশ্বাস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩ | জনাব শ্যামলেন্দু দত্ত | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোঃ গোলাম ফারুক | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | জনাব মোঃ শহিদুল ইসলাম তালুকদার, অতি: প্রধান রসায়নবিদ (প্রধান প্রকৌশলী এর পক্ষে) | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | মিসেস কামরুন নাহার আহমেদ | মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সকল সম্মানিত কর্মকর্তা/টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি বিগত ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন এবং "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০" বিষয়ক তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ কে অনুরোধ করেন।

৩.০ সভায় এ পর্যায়ে বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করলে তাতে কারো কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

**৪.০. আলোচনাঃ**

৪.১) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ ৫ম সভায় গৃহীত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নোক্তভাবে উপস্থাপন করেন:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়ন ও অগ্রগতি অবস্থা |
|---|---|---|---|
| ৪.১ | আলোচনার ৩.২ এ বর্ণিত "অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন প্রতিবেদন" প্রস্তুতকরত সংস্থার চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ২৩ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সদস্য সচিব ইনোভেশন কমিটি বিসিআইসি। | সম্পন্ন করা হয়েছে। |
| ৪.২ | সংস্থার ই-নথি কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইনোভেশন খাত থেকে বাজেট নিয়ে নথি তৈরি, নোটিং ও পত্র জারি, নথি নিষ্পত্তি ইত্যাদির উপর সংস্থার প্রধান কার্যালয়ের বিভিন্ন দপ্তর/বিভাগ/উপ-বিভাগ/শাখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মনোনয়ন নিয়ে দুইটি সেশনে লাইভ প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে অনুমোদনের জন্য নথি উপস্থাপন করতে হবে। | সদস্য সচিব ইনোভেশন কমিটি বিসিআইসি। | নথি উপস্থাপন করা হয়েছিল। কোভিড-১৯ মহামারীর কারণে এখনো বাস্তবায়ন সম্ভব হয়নি। |
| ৪.৩ | ই-জিপি ও ই-নথি কার্যক্রম সম্পর্কে কারখানা ও প্রতিষ্ঠানসমূহের প্রতিটি এন্টারপ্রাইজ বোর্ড/গভর্নিং বডির সভায় এজেন্ডা আকারে অন্তর্ভুক্তিসহ স্বীয় বোর্ডকে অবহিতকরণ ও দিক নির্দেশনা গ্রহণ করতে হবে। | সদস্য সচিব ইনোভেশন কমিটি বিসিআইসি। | সকল কারখানা/প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। |
| ৪.৪ | সকল কারখানার ই-নথি কার্যক্রম লাইভে নেওয়ার প্রয়োজনীয় কার্যক্রম জরুরিভাবে গ্রহণ করতে হবে। | সদস্য সচিব ইনোভেশন কমিটি বিসিআইসি। | জরুরি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ডিএপিএফসিএল, জেএফসিএল, এসএফসিএল, টিএসপিসিএল ও এএফসিসিএল লাইভে এসেছে। সিইউএফএল লাইভে আসার পূর্বের ট্রেনিং সার্ভার পেয়েছে। সহসা লাইভে যাবে। সিসিসিএল, ইউজিএসএফএল, বিআইএসএফ ও কেপিএমএল এর অর্গানোগ্রাম নিয়ে এটুআই কাজ করছে। টিআইসিআই ট্রেনিং সার্ভার গ্রহণ করে প্রায় ০৬ মাস আগে প্রশিক্ষণ শেষ করেছে টিআইসিআই এর লাইভে আসার বিষয়ে আইসিটি বিভাগ অনুরোধপত্র প্রাপ্তির অপেক্ষায় রয়েছে। |

৪.২) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ জানান যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০" এর ক্রমিক ৩.২ ও ৩.৩ এ বর্ণিত উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে যথাক্রমে ০২ দিন ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন কোভিড-১৯ এর কারণে বাস্তবায়নের কাজটি অপেক্ষমান। তবে চলতি জুন মাসেই দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহের মধ্যে ০২ দিন ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন এর বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৪.৩) আলোচনায় অংশ নিয়ে বিসিআইসি'র পরিচালক (উৎপাদন ও গবেষণা) জনাব মোঃ শাহীন কামাল মহোদয় জানান যে, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ কর্মসূচিতে হিসাব নিয়ন্ত্রক, কর্মচারী প্রধান, প্রধান প্রকৌশলী, নির্মাণ বিভাগ, উৎপাদন বিভাগ, পরিকল্পনা বিভাগ, বিপণন বিভাগ, ক্রয় বিভাগ, অর্থ বিভাগ, জনসংযোগ বিভাগ, গবেষণা ও উৎপাদনশৈলী বিভাগ এবং ইনোভেশন কমিটির সদস্যগণ উপস্থিত থাকতে পারে। এছাড়া ০৫ দিনের প্রশিক্ষণ কর্মসূচিতে বিসিআইসি পরিচালনা পর্ষদের ব্যক্তিগত সহকারিদের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থী উপস্থিত থাকতে পারে। তবে উভয় প্রশিক্ষণে মূল বিষয়ের সাথে ই-নথি এর উপর প্রশিক্ষণের বিশেষ ব্যবস্থা রাখা যেতে পারে। ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ এর প্রস্তাব অনুযায়ী চলতি জুন মাসেই দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহের মধ্যে ০২ দিন ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৪) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ বিল্লাল হোসেন বলেন যে, অবশ্যই যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করতে হবে।

৪.৫) বিসিআইসি'র পরিচালক (উৎপাদন ও গবেষণা) জনাব মোঃ শাহীন কামাল মহোদয় বলেন যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০" এর ক্রমিক ১৪.১ এ বর্ণিত নূন্যতম ০১ টি সেবা পদ্ধতি সহজিকরণ ও বাস্তবায়ন করার জন্য পেনশন পদ্ধতি সহজিকরণের অফিস আদেশ জারি করার নিমিত্ত হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি কে অনুরোধ জানান।

৪.৬) বিসিআইসি'র পরিচালক (উৎপাদন ও গবেষণা) জনাব মোঃ শাহীন কামাল মহোদয় আরও বলেন যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০" এর ক্রমিক ৯.১ এ বর্ণিত উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কর্মশালাসমূহে প্রদানের ব্যবস্থা নেয়া যেতে পারে।

৪.৭) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ বিল্লাল হোসেন বলেন যে, কোভিড-১৯ পরিস্থিতিতে অনলাইনে কাজ করার নিমিত্ত ই-নথি একটি কার্যকরী সিস্টেম। এ বিষয়ে বিসিআইসি-এর চেয়ারম্যান মহোদয় সাধারণ ছুটি চলাকালিন লক-ডাউন পরিস্থিতিতে চলমান ভিডিও কনফারেন্স কালে ই-নথিতে সকল দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন যার ধারাবাহিকতা এখানে বিদ্যমান। এ প্রসঙ্গে বিসিআইসি ও বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল প্রতিষ্ঠানে (যাদের ই-নথি রয়েছে) কর্মরত কর্মকর্তা দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে ও অনলাইনে (ভার্চুয়াল ও নন-ভার্চুয়াল) অনায়াসে নির্বিঘ্নে সম্পন্ন করার সর্বাত্মক প্রচেষ্টা ও পদক্ষেপ আবশ্যিকভাবে গ্রহণ করার বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ সহমত পোষণ করেন। এতে কোভিড-১৯ মোকাবেলায় ঘরে বসেও কাজ করা যাবে এবং সামাজিক ও শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব হবে।

**৫. সভার সিদ্ধান্তসমূহ:**

৫.১) যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে চলতি জুন মাসের দ্বিতীয় সপ্তাহে হিসাব নিয়ন্ত্রক, কর্মচারী প্রধান, প্রধান প্রকৌশলী, নির্মাণ বিভাগ, উৎপাদন বিভাগ, পরিকল্পনা বিভাগ, বিপণন বিভাগ, ক্রয় বিভাগ, জনসংযোগ বিভাগ, গবেষণা ও উৎপাদনশৈলী বিভাগ এবং ইনোভেশন কমিটির সদস্যগণ সমন্বয়ে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে চলতি জুন মাসের তৃতীয় সপ্তাহে বিসিআইসি পরিচালনা পর্ষদের ব্যক্তিগত সহকারিদের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থী উপস্থিতিতে ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) পেনশন পদ্ধতি সহজিকরণের অফিস আদেশ জারি করতে হবে।

বাস্তবায়নে: কর্মচারী প্রধান ও হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।

৫.৪) ২০১৯-২০২০ অর্থ বছরে উদ্ভাবক হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত চারজন কর্মকর্তাকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কর্মশালাসমূহে প্রদানের ব্যবস্থা আইসিটি বিভাগ গ্রহণ করবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৫) বিসিআইসি ও বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল প্রতিষ্ঠানে (যাদের ই-নথি রয়েছে) কর্মরত কর্মকর্তা দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে ও অনলাইনে (ভার্চুয়াল ও নন-ভার্চুয়াল) অনায়াসে নির্বিঘ্নে সম্পন্ন করার সর্বাত্মক প্রচেষ্টা ও পদক্ষেপ আবশ্যিকভাবে গ্রহণ করবে।

বাস্তবায়নে: বিসিআইসি প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত০১.০৬.২০২০
(মোঃ বিল্লাল হোসেন)
পরিচালক (অর্থ)
ও
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি: দা:)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।

নং-৩৬.০১.০০০০.৩৫৬.০৬.০০১.২০২০.১৭২ তারিখঃ ০২ জুন ২০২০ খ্রি.

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুরোধ করা যাচ্ছে।

**অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল বা/এ ঢাকা ।
[সদয় দৃষ্টি আকর্ষণঃ চিফ ইনোভেশন অফিসার, শিল্প মন্ত্রণালয়]
২। চেয়ারম্যান, বিসিআইসি, ঢাকা।
৩। পরিচালক (বাণিজ্যিক)/(অর্থ)/(পরিকল্পনা ও বাস্তবায়ন)/(উৎপাদন ও গবেষণা,) বিসিআইসি, ঢাকা।
৪। সচিব, বিসিআইসি, ঢাকা।
৫। কর্মচারী প্রধান/বিভাগীয় প্রধান (সকল), বিসিআইসি, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক (সকল কারখানা)/নির্বাহী পরিচালক, টিআইসিআই/প্রকল্প পরিচালক (সকল), বিসিআইসি।
৭। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), পরিচালক (কারিগরি ও প্রকৌশল), বিসিআইসি, ঢাকা।
৮। দপ্তর নথি।

02/06/2020
(ইমরান আহমেদ)
উপব্যবস্থাপক
আইসিটি বিভাগ, বিসিআইসি
০১৭৫৬২০৫৮৭৯
bcic.info@gmail.com